কানাডার বিদেশ মন্ত্রীর ভারতের প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাৎ (14 অক্টোবর, 2026)

কানাডার বিদেশমন্ত্রী মহামহিম মিস অনিতা আনন্দ আজ প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন।

বৈঠকে প্রধানমন্ত্রী মোদী ও বিদেশমন্ত্রী আনন্দ দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদার করা এবং বাণিজ্য, বিজ্ঞান ও প্রযুক্তি, প্রতিরক্ষা, নিরাপত্তা, জ্বালানি, শিক্ষা, দুই দেশের জনগণের মধ্যে যোগাযোগ ও বহুপাক্ষিক সহযোগিতা-সহ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা সম্প্রসারণের লক্ষ্যে চলমান প্রচেষ্টা সম্পর্কে আলোচনা করেন।

প্রধানমন্ত্রী দ্বিপাক্ষিক যোগাযোগের ধারাবাহিকতা বজায় রাখা এবং সার্বিক অর্থনৈতিক অংশীদারত্ব চুক্তি (সিইপিএ) সম্পর্কে আলোচনা দ্রুত চূড়ান্ত করার মাধ্যমে সুনির্দিষ্ট ফলাফল অর্জন-সহ দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও এগিয়ে নিয়ে যাওয়ার ওপর গুরুত্ব আরোপ করেন।

তারা পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক পরিস্থিতি সম্পর্কেও মতবিনিময় করেন।

প্রধানমন্ত্রী, কানাডার প্রধানমন্ত্রী কার্নির প্রতি তার আন্তরিক শুভেচ্ছা জানান এবং আগামী দিনেও সুসম্পর্ক অব্যাহত রাখার বিষয়ে আগ্রহ প্রকাশ করেন।

নয়া দিল্লি

14 অক্টোবর, 2026